



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড, খানমন্ডি, ঢাকা ০১২০৫
www.naem.gov.bd



নং ৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০২৩.১৫/ ৩৭২১

তারিখ:

২৬/০৫/২০২০ বঙ্গাব্দ
২৬/০৫/২০২০ খ্রিষ্টাব্দ

বিষয়: ৫৩তম স্যাটেলাইট ট্রেনিং কোর্স অন টিচার্স প্রফেশনাল ডেভলপমেন্ট-এ প্রশিক্ষণার্থী মনোনয়ন ও প্রশিক্ষণ ভেন্যু নির্ধারণ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে তাকে জানানো যাচ্ছে যে, আগামী ১৬ সেপ্টেম্বর ২০২৩ থেকে ২১ সেপ্টেম্বর ২০২৩ খ্রি. মেয়াদে (৬দিন ব্যাপী) মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য আয়োজিত কোর্সটি কিনাইদহ জেলার অন্তর্ভুক্ত ১) কিনাইদহ সদর ২) কালীগঞ্জ ৩) শৈলকুপা ৪) হরিণাকুন্ডু ও ৫) মহেশপুর উপজেলার ০৫টি ভেন্যুতে একযোগে অনুষ্ঠিত হবে। এজন্য তাঁর আওতাধীন উল্লিখিত ০৫টি উপজেলা হতে একটি করে প্রশিক্ষণ ভেন্যু নির্ধারণ করে (সার্বক্ষণিক বিদ্যুৎ ও মাল্টিমিডিয়া সুবিধাসহ) প্রতিটি ভেন্যুর জন্য মাধ্যমিক পর্যায়ের সরকারি/এমপিওভুক্ত (মাধ্যমিক, নিম্ন-মাধ্যমিক বিদ্যালয়) শিক্ষা প্রতিষ্ঠান থেকে বিদ্যালয় প্রতি ০১ (এক) জন করে (প্রয়োজনে অনধিক ০৩ জন) ৪০ জন হিসেবে ০৫টি ভেন্যুর জন্য মোট ২০০ জন এমপিওভুক্ত সহকারী শিক্ষককে প্রশিক্ষণার্থী হিসেবে মনোনয়ন দেয়ার জন্য অনুরোধ করা হলো। এতদসঙ্গে নিম্নলিখিত বিষয়সমূহের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি:

১. প্রশিক্ষণ শুরুর দিন সকাল ৮.৩০টার মধ্যে ভেন্যুতে উপস্থিত হয়ে নিবন্ধন করতে হবে। প্রতিদিন সকাল ৯.০০টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত প্রশিক্ষণ চলবে। প্রশিক্ষণার্থীগণকে পাসপোর্ট সাইজের ২ কপি ছবি, সর্বশেষ এমপিও-এর ফটোকপি এবং মহাপরিচালক, নায়েম বরাবর প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত ছাড়পত্র সঙ্গে আনতে হবে;
২. প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীগণকে বিধি মোতাবেক প্রশিক্ষণ ভাতার বিল পেশ করতে হবে। উক্ত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর অনলাইন ব্যাংকিং সিস্টেমে প্রশিক্ষণার্থীগণের নিজ নিজ ব্যাংক একাউন্টে প্রেরণ করা হবে। যেসকল শিক্ষকগণ এমপিওভুক্ত হননি তাঁরা এ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করতে পারবেন না;
৩. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা এর স্মারক নম্বর মাউশি প্র/বা-ইউ/৫২৮০ তারিখ: ১০-০১-১৯ এবং ৩৭.০২.০০০০.১১০.১৮.৪১.২০১৬-২৬৫ তারিখ ০৭/০৩/২০১৬ খ্রি. অনুসারে মনোনীত শিক্ষকগণের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত শিক্ষকগণ প্রশিক্ষণ শুরুর দিন থেকে তাঁর প্রতিষ্ঠান থেকে তাৎক্ষণিক বিমুক্ত বলে গণ্য হবেন। সুতরাং গ্রহণযোগ্য কারণ ছাড়া প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে;
৪. শারীরিক অসুস্থতা (ঠাণ্ডা, জ্বর থাকলে) এবং যে সমস্ত শিক্ষকগণের বয়স ৫৮ বৎসর অতিক্রম করেছে বা পূর্বে এ প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাঁদের এ প্রশিক্ষণে অংশগ্রহণ করার প্রয়োজন নেই;
৫. কোনো যৌক্তিক কারণে এ প্রশিক্ষণে অংশগ্রহণে অপারগ হলে তাঁর পরিবর্তে প্রতিষ্ঠানের অন্য শিক্ষককে মনোনয়ন দেয়া যাবে যদি তিনি উপরোক্ত শর্তসমূহ পূরণ করে থাকেন এবং স্বাস্থ্যবিধি মেনে উপরোক্ত কোর্সটি সম্পন্ন করতে বাধ্য থাকেন;
৬. প্রশিক্ষণ সম্পর্কিত কোন বিষয় জানার প্রয়োজন হলে এ কোর্সের কোর্স পরিচালক, জনাব মোঃ সাইদুজ্জামান, উপপরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন), সেল নম্বর: ০১৯ ১১৬২ ৯৭৫৭ অথবা কোর্স সমন্বয়ক জনাব জনাব মোঃ সামুনের রশীদ, টিচার ট্রেনিং, সেল নম্বর: ০১৭ ১২৮৮ ৯০০০- এ যোগাযোগ করা যেতে পারে;
৭. আমন্ত্রণপত্র খানা নায়েম-এর ওয়েবসাইট (www.naem.gov.bd)-এ পাওয়া যাবে।

উল্লিখিত কোর্সে মনোনীত প্রশিক্ষণার্থীগণের তালিকা (নাম, পদবী, মোবাইল নম্বর ও প্রতিষ্ঠানের নাম ইংরেজিতে) এবং প্রশিক্ষণ ভেন্যু নির্ধারণ করে আগামী ০৩ সেপ্টেম্বর ২০২৩ খ্রি. তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীকে অবহিত এবং সফট কপি (Pdf ও MS-Word Format-এ) szaman.naem@gmail.com অথবা ttmamun.naem@gmail.com ঠিকানায় প্রেরণ করতে অনুরোধ করা হলো।

(প্রফেসর ড. তাহসিনা আকতার)
পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন), নায়েম
ফোন: ০২ ৫৫১৬৭৫৩০

প্রাপক
জেলা শিক্ষা কর্মকর্তা
কিনাইদহ

নং ৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০২৩.১৫/ ৩৭২১ (৩৭)

তারিখ:

২৬/০৫/১৪৬০
২৬/০৬/২০২৬

বঙ্গাব্দ

ত্রিষ্টাব্দ

সদয় অবগতি এবং প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, শিক্ষা ভবন, ঢাকা;
- ২-৫। পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন/ প্রশিক্ষণ ও বাস্তবায়ন/ গবেষণা ও তথ্যায়ন/ প্রশাসন ও অর্থ, নায়েম, ঢাকা;
- ৬। আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, খুলনা অঞ্চল (প্রয়োজনীয় সহযোগিতার অনুরোধসহ);
- ৭। জেলা প্রশাসক, ঝিনাইদহ;
- ৮। পুলিশ সুপার, ঝিনাইদহ;
- ৯। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা), ঝিনাইদহ;
- ১০। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, খুলনা অঞ্চল (প্রয়োজনীয় সহযোগিতার অনুরোধসহ);
- ১১। জেলা শিক্ষা কর্মকর্তা, ঝিনাইদহ (আবাসন ও প্রশিক্ষকগণের ডেন্যুতে যাতায়াত বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতার অনুরোধসহ);
- ১২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা;
- ১৩। সহকারী পরিচালক (অর্থ), নায়েম, ঢাকা;
- ১৪। কম্পিউটার প্রোগ্রামার, নায়েম (আমন্ত্রণপত্রটি নায়েম ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ১৫। মহাপরিচালক, নায়েম-এর ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের অবগতির জন্য);
- ১৬। বৃপকল্প সেল;
- ১৭। অফিস নথি।

Sheikh
25.6.26

(মোঃ সাইদুজ্জামান)

উপপরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন)

ও

কোর্স পরিচালক

মোবাইল: ০১৯১১৬২৯৭৫৭